গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পঞ্চগড় সদর, পঞ্চগড়

## পঞ্চগড় সদর উপজেলা পরিষদের ডিসেম্বর, ২০২৪ মাসের সাধারণ সভার (উপজেলা উন্নয়ন সমন্বয় সভা) কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়
তারিখ ঃ ১২/১২/২০২৪ খ্রিঃ ; সময় ঃ সকাল- ১১.০০ টা

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (পরিশিষ্ট "ক")-তে দেখানো হলো ঃ**

প্রশাসক, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে পবিত্র কোরআর তিলাওয়াত করা হয়। এরপর গত মাসিক সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকৃত হয়। তদপর নিম্নোক্ত বিষয়ের ওপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **ওয়েব পোর্টাল ঃ** সহকারী প্রোগ্রামার নবেম্বর/২০২৪ মাসের ওয়েব পোর্টালের রিপোর্ট তুলে ধরেন। উক্ত রিপোর্টে ১৫টি দপ্তরের ১০০% তথ্য রয়েছে। তিনি বাকী দপ্তরগুলোর ১০০% তথ্য আপলোড করার জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। | পঞ্চগড় সদর উপজেলার সকল ইউনিয়ন এবং সকল দপ্তরের ওয়েব পোর্টালের ১০০% তথ্য আপলোড করার জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং দপ্তর প্রধানগণ-কে অনুরোধ জানানো হয়। | সকল দপ্তর প্রধান<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান। |
| ০২ | **নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ ঃ** উপজেলা নির্বাহী অফিসার নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপণনের সকল স্তরে নিরাপত্তা নিশ্চিতকরণ বিষয়ে জনসচেতনতা ও প্রচারণার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনঃ অনুরোধ জানান। কেউ যেন পন্য মজুদ রেখে মূল্য বৃদ্ধি করে বিক্রি না করে সেদিকে নজর রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপণনের সকল স্তরে নিরাপত্তা নিশ্চিতকরণ বিষয়ে জনসচেতনতা ও ব্যাপক প্রচারণার জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান |
| | **বিভাগীয় আলোচনা** | | |
| ০৩ | **উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। অতপর তিনি নিম্নোক্ত নভেম্বর, ২০২৪ মাসের প্রতিবেদন তুলে ধরেন।<br>০১। **সম্প্রসারিত টিকাদান কর্মসূচিঃ** ইপিআই পারফরমেন্স, বিসিজি- ৫৩৪ জন, পেন্টাভেলেন্ট ১ম ডোজ- ৫৮৪ জন, পেন্টাভেলেন্ট ২য় ডোজ- ৫২৬ জন, পেন্টাভেলেন্ট ৩য় ডোজ- ৫৭৫ জন, এমআর ১ম ডোজ- ৫৪৪ জন এবং এমআর ২য় ডোজ- ৪৯৬ জন, এইচপিভি- ১২৪৪২ জন ৯৯.৮%।<br>০২। **ডায়রিয়া ঃ** ১৫ জন ডায়রিয়া রোগী পাওয়া যায়। ডায়রিয়ায় কোন মৃত্যু নেই।<br>০৩। **নিউমোনিয়া ঃ** শিশুদের সর্দি কাশি হচ্ছে তবে নিউমোনিয়ায় কোন শিশুর মৃত্যু নাই। স্বাস্থ্যকর্মী মাঠ পর্যায়ে এ,আর,আই ব্যাপারে সব সময় স্বাস্থ্য শিক্ষা প্রদান করে।<br>০৪। **স্বাস্থ্য সেবা ঃ** টিকাদান কেন্দ্রে স্বাস্থ্য শিক্ষার কাজ চলমান রয়েছে।<br>০৫। **যক্ষা ঃ** পুরুষ- ৩২ জন এবং মহিলা- ২২, সর্বমোট- ৫৪ জন রোগী।<br>০৬। **কুষ্ঠ ঃ** পুরুষ- ০১ জন, মহিলা- ০০ সর্বমোট= ০১ জন রোগী।<br>০৭। **কমিউনিটি ক্লিনিক ঃ** ২৫টি কমিউনিটি ক্লিনিকে পুরুষ- ৫০০০ জন, মহিলা- ৮০০১ জন রোগীকে চিকিৎসা সেবা দেয়া হয়েছে। সিসিতে নরমাল ডেলিভারী- ১৪টি।<br>০৮। **স্বাস্থ্য শিক্ষাঃ** বিদ্যালয়ের স্বাস্থ্য শিক্ষা চলমান রয়েছে।<br>০৯। **ভেজাল খাদ্য প্রতিরোধঃ** খাদ্য স্থাপনা পরিদর্শন করা হয়েছে মোট- ১৮০ টি। খাদ্য নমুনা পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে ০২টি। ভ্রাম্যমান অভিযান পরিচালিত হয়েছে মোট- ০৪টি। জরিমানাকৃত টাকার পরিমান-২৫,৫০০/- টাকা। নিয়মিত হাট বাজার পরিদর্শনসহ হোটেল রেস্তোরায় স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে এবং হোটেল রেস্তোরার কর্মচারীদের স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও খাদ্য লবণে আয়োডিন পরীক্ষা করা হয়।<br>১০। **গর্ভবতী মায়ের সেবাঃ** এএনসি সেবা- ৯০ জন। পিএনসি সেবা- ৩৮ জন।<br>১১। **সাব-সেন্টার ঃ** ০৩টি সাব-সেন্টারে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। পুরুষ- ১০১৪ জন এবং মহিলা- ২৩১০ জন।<br>১২। **করোনা রোগীর তথ্য ঃ** নমুনা পরীক্ষা হয়েছে- ০০ জন, পজিটিভ রোগী- ০০ জন, হোমআইসোলেশন- ০০ জন, হাসপাতাল ভর্তি-০০ জন, পজিটিভ থেকে নেগেটিভ- ০০ জন, ছাড়পত্র প্রদান কজরা হয়-০০ জন, মৃত্যু-নাই। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার |
| ০৪ | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি তাঁর দপ্তরের নিম্নোক্ত ডিসেম্বর/২০২৪ মাসের কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন।<br>০১। ইউরিয়া ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ২১৭ মে.টন।<br>০২। টিএসপি ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ৩৯ মে.টন।<br>০৩। ডিএপি ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ৬৬ মে.টন।<br>০৪। এমওপি ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ২০১ মে.টন। | উপজেলা কৃষি অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদন এবং এসএএওগণের কর্মকান্ড নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | অত্র উপজেলায় সারের কোন সংকট নাই।<br>তিনি আরো জানান যে, প্রণোদনা কর্মসূচীর আওতায় সরিষা- ৮০০ জন, গম- ৬,৮০০ জন, শীতকালীন পেঁয়াজ- ৩০ জন, ভূট্টা- ১,৫০০ জন এবং চিনাবাদান- ৮০০ জন কৃষকের মাঝে পর্যায়ক্রমে বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। সারের সংকট মোকাবেলায় কৃষকদের নিকট ন্যায্যমূল্যে সার বিতরণের লক্ষ্যে সার্বক্ষনিক মনিটরিং করা হচ্ছে। | | |
| ০৫ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে, গবাদি প্রাণির টিকা প্রদান- ৯০৮৮ মাত্রা, হাঁস-মুরগির টিকা প্রদান- ৮৫০০০ মাত্রা, কৃত্রিম প্রজনন- ১৩১৯ মাত্রা এবং রাজস্ব আদার হয়েছে- ৯২,৮৫০/- টাকা। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৬ | **উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, তালমা মৎস্য অভয়াশ্রমে কোন কমিটি নেই। চেয়ারম্যান, হাফিজাবাদ ও কামাত কাজলদিঘী ইউপি-কে উক্ত কমিটি গঠনের লক্ষ্যে সদস্যদের নামের তালিকা দাখিলের জন্য অনুরোধ জানান। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৭ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়াও পরিবার পরিকল্পনা অফিসার নিম্নরূপ নভেম্বর, ২০২৪ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন ঃ<br>১। উপজেলার মোট জনসংখ্যা- ৩,৪৬,২৭৭ জন, ২। সক্ষম দম্পত্তির সংখ্যা- ৬৫,৮৭৫ জন<br>৩। পদ্ধতি গ্রহণকারী- ৫২,৬৯১ জন, ৪। পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৯.৮৩%<br>৫। চলতি মাসে গর্ভবতীর সংখ্যা- ১,৩৬২ জন, ৬। মোট গর্ভবতীর সংখ্যা- ২,৬৬০ জন<br>৭। গর্ভকালীন সেবা- ১১০৮ জন, ৮। প্রসবোত্তর সেবা- ৪৬৭ জন<br>৯। ডেলিভারী- ৩৬৪ জন, ১০। জীবিত জন্ম- ৩৬২ জন<br>১১। চলতি মাসে নব দম্পত্তির সংখ্যা- ৮১ জন, ১২। শিশু সেবা- ৩৯৯৩ জন<br>১৩। সাধারণ রোগী সেবা- ৪৪১০ জন এবং ১৪। মৃত্যুর সংখ্যা- ৪৮ জন। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |

| খাবার বড়ি | | | কনডম | | | ইনজেকশন | | | স্থায়ী পদ্ধতি | | | আইইউডি | | | ইমপ্লান্ট | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| প্রঃ | অঃ | হার | প্রঃ | অঃ | হার | প্রঃ | অঃ | হার | প্রঃ | অঃ | হার | প্রঃ | অঃ | হার | প্রঃ | অঃ | হার |
| ২১২৬ | ৬৯ | ৩.২৪% | ৩৭৭ | ৩৬ | ৯.৫৪% | ১০৩৩ | ৪৬৭ | ৪৫% | ১৭ | ৪ | ২৩.৫২% | ২১ | ৭ | ৩৩.৩৩% | ৬২ | ৪৫ | ৭২.৫৮% |

০৮ **উপজেলা প্রকৌশলী বিভাগ ঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়ার্টার হাসনাহেনা ভবন মেরামত, উপজেলা পরিষদ চত্ত্বরের অভ্যন্তরীণ রাস্তাসমূহ মেরামত/সংস্কার, উপজেলা পরিষদ কমপ্লেক্সের সীমানা প্রাচীর মেরামতকরণ, উপজেলা পরিষদ চত্ত্বরের অভ্যন্তরীণ ড্রেনসমূহ মেরামত/সংস্কার, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত/সংস্কার, উপজেলা পরিষদ চত্ত্বরে অবস্থিত উপজেলা পরিষদ জামে মসজিদ মেরামত/সংস্কার খাতে (স্মারক নং ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪-১৫৮, তারিখ- ১৯/১১/২০২৪) মোট ৪০.০০ (চল্লিশ) লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত মেরামত/সংস্কার এর কাজগুলো দরপত্র/আরএফকিউ মাধ্যমে বাস্তবায়ন করা যায়। সভায় বিস্তারিত আলোচনা পর্যালোচনান্তে আরএফকিউ মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করেন।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | বাস্তবায়নের ধরন |
|---|---|---|---|
| ০১ | পঞ্চগড় সদর উপজেলা পরিষদ জামে মসজিদ মেরামতকরণ প্রকল্প। | ১০,০০,০০০/- | RFQ |
| ০২ | পঞ্চগড় সদর উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামতকরণ প্রকল্প। | ১০,০০,০০০/- | RFQ |
| ০৩ | ক) উপজেলা পরিষদের অভ্যন্তরিক রাস্তা মেরামতকরণ প্রকল্প।<br>খ) উপজেলা পরিষদের নন গেজেটেড কোয়ার্টার হাসনাহেনা ভবন মেরামতকরণ প্রকল্প। | ১০,০০,০০০/- | RFQ |
| ০৪ | ক) উপজেলা পরিষদের ড্রেন মেরামতকরণ প্রকল্প।<br>খ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন এবং উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবন এর সীমানা প্রাচীর মেরামতকরণ প্রকল্প। | ১০,০০,০০০/- | RFQ |

উপরোক্ত প্রকল্পসমূহ আরএফকিউ এর মাধ্যমে মাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পঞ্চগড় সদর, পঞ্চগড়-কে অনুরোধ জানানো হয়।

তিনি আরো জানান যে, পঞ্চগড় সদর উপজেলাধীন চাকলাহাট রাস্তার কামাত কাজলদিঘী ইউপি হতে পানিমাছ পুকুরী রাস্তার ১,০০০ মিটার চেইনেজে ড্যামেজ কালভার্টের মালামাল এবং পঞ্চগড় সদর উপজেলা পরিষদের নবনির্মিত ডি সেট সেন্টার নির্মাণের জন্য পুরাতন চিলাকোঠার মালামাল নিলামে বিক্রয় করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে কালভার্টের মালামাল এবং চিলাকোঠার মালামাল বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি-কে অনুরোধ জানানো হয়।

| | | | |
|---|---|---|---|
| ০৯ | **উপজেলা সমাজসেবা বিভাগ ঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার দপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের প্রতিবন্ধী ভাতার আবেদন করার তারিখ আগামী ৩০ ডিসেম্বর/২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। ইউনিয়ন পর্যায়ে কোন প্রতিবন্ধী আবেদন করার বাকী থাকলে আবেদন করারনোর অনুরোধ জানান। ২০২৪-২৫ অর্থবছরের ভাতার ২য় কিস্তির পে-রোল প্রেরণের তারিখ ১২/১২/২০২৪ তারিখ হতে ২৪/১২/২০২৪ তারিখ পর্যন্ত। ১ম কিস্তির পে-রোল যেসব মৃত বা পুনঃবিবাহিত অথবা অন্যান্য কারণে বাতিলকৃতদের পরিবর্তে প্রতিস্থাপিত ভাতাভোগীদের তালিকা ইউনিয়ন ভাতা বাস্তবায়ন কমিটির রেজুলেশনসহ উপজেলায় প্রেরণের অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১০ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা ইএফটি এর মাধ্যমে প্রেরণের লক্ষ্যে অনলাইনে তথ্য প্রেরণ করা হচ্ছে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস থেকে যাচাই-বাছাই করে অনলাইনে তথ্য প্রেরণ করা হচ্ছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১১ | **উপজেলা শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, পঞ্চগড় সদর উপজেলাধীন প্রাথমিক বিদ্যালয়গুলোকে বার্ষিক শিক্ষা জরিপ-২০২৪ এর কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা শিক্ষা অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১২ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর দপ্তরের নিম্নোক্ত ডিসেম্বর, ২০২৪ মাসের কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেনঃ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার-কে তাঁর দাপ্তরিক | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

| ক্র. নং | কর্মসূচীর নাম | আদায়ের পরিমাণ | বিতরণের পরিমাণ | ঋণী সদস্য সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | মুল কর্মসূচী | ০.০৮ | ০.০০ | ০০ |
| ০২ | আবর্তক | ১.০৯ | ১.৫৫ | ০৬ |
| ০৩ | সদাবিক | ১.৮৬ | ২.০০ | ০৮ |
| ০৪ | পল্লী প্রগতি | ০.০২ | ০.০০ | ০০ |
| ০৫ | অসচ্ছল মুক্তিযোদ্ধা | ০.৪৭ | ০.০০ | ০০ |
| ০৬ | মউ ব্যাংক ঋণ | ০.৪৭ | ০.০০ | ০০ |
| ০৭ | মউ নিজস্ব তহবিল | ১১.১৪ | ০.০০ | ০০ |
| ০৮ | অপ্রধান শস্য | ৪.১০ | ৩.৬০ | ১২ |
| ০৯ | প্রণোদনা ঋণ কোভিড-১৯ | ৬.০০ | ১.২৫ | ০১ |
| ১০ | গুচ্ছগ্রাম | ০.০০ | ০.০০ | ০০ |
| | মোট= | ২৫.২৩ | ৮.৪০ | ২৭ |

কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।

১৩ **উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, জেলা পর্যায়ে বিভিন্ন প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ জানুয়ারি/২ মাস থেকে শুরু হবে। প্রাশিক্ষণের মেয়াদ ৬ মাস, ৩ মাস ও ১ মাস। উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ চলমান রয়েছে। চলিতি অর্থবচরে ৫টি ব্যাচে ১৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া এ কার্যালয়ের ঋণ বিতরণ, আদায় ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।

উপজেলা যুব উন্নয়ন অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।

উপজেলা যুব উন্নয়ন অফিসার

১৪ **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অতপর তিনি নিম্লোক্ত প্রতিবেদন সভায় তুলে ধরেন।

| ক্র.নং | সমবায় সমিতির সংখ্যা | সাধারণ | পউবো | মোট |
|---|---|---|---|---|
| ১ | ক) কেন্দ্রীয় | ০৩ | ০১ | ০৪ |
| | খ) প্রাথমিক | ১৬৬ | ১৫৬ | ৩২২ |
| | মোট= | ১৬৯ | ১৫৭ | ৩২৬ |
| ২ | সমিতিরি অডিট সম্পাদন | | | |
| | ক) কেন্দ্রীয় | ০৩ | ০১ | ০৪ |
| | খ) প্রাথমিক | ১৩৯ | ১৫৬ | ২৯৫ |
| | মোট= | ১৪২ | ১৫৭ | ২৯৯ |
| ৩ | অডিট সেস (২০২২-২৩) | ৪১৯০০.০০ | ০০.০০ | ৪১৯০০.০০ |
| ৪ | সমবায় উন্নয়ন তহবিল (২০২২-২৩) | ৩১৮৪২.০০ | ০০.০০ | ৩১৮৪২.০০ |
| ৫ | নিবন্ধন ফি(২০২২-২০২৩) | ০.০০ | ০০.০০ | ০.০০ |

| আশ্রয়ন প্রকল্পে নাম | প্রকল্প হতে ঋণগ্রহণ | মোট ঋণ দাদন (ক্রমপুঞ্জিভূত) | আলোচ্য সামে আদায় | মোট ঋণ আদায় (ক্রমপুঞ্জিভূত) | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| হাড়িপুকুরী আশ্রয়ণ প্রকল্প | ৪০০০০০.০০ | ৬৯৬১২৮.০০ | ০.০০ | ৬৯৭১২৮.০০ | ৬৬% |
| পানিমাছপুকুরী আশ্রয়ণ প্রকল্প | ২২৫০০০০.০০ | ১০৬৪৮৩২.০০ | ০.০০ | ১০৬৬০৩২.০০ | ৬৬% |
| আমলাহার আশ্রয়ন প্রকল্প | ১৪০০০০০.০০ | ২৪৩০০০০.০০ | ৯৪০০.০০ | ১৪১৪৯৮৭.০০ | ৭১% |
| মোট= | ৪০৫০০০০.০০ | ৩০৫২৯৮৮.০০ | ৯৪০০.০০ | ৩১৭৪১৪৭.০০ | - |

প্রসঙ্গত, উপজেলা নির্বাহী অফিসার জানান, যে সকল ঋণ গ্রহীতার খেলাপী রয়েছে তাদের বিরুদ্ধে সার্টিফিকেট মামলা দায়ের করার জন্য উপজেলা সমবায় অফিসার অনুরোধ জানান।

১) উপজেলা সমবায় অফিসার পঞ্চগড় সদর-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।

২) যে সকল ঋণ গ্রহীতার খেলাপী রয়েছে তাদের বিরুদ্ধে সার্টিফিকেট মামলা দায়ের করার জন্য উপজেলা সমবায় অফিসার অনুরোধ জানানো হয়।

উপজেলা সমবায় অফিসার

১৫ **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে টেন্ডারকৃত ৬টি ব্রীজের মধ্যে ৪টি ব্রীজের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ২টি ব্রীজের কাজ চলমান রয়েছে। চলতি ডিসেম্বর মাসে অত্র উপজেলায় ৫৬৮ পিচ কম্বল ইউনিয়নের মাঝে বিতরণের জন্য বিভাজন করে কম্বল প্রদান করা হয়েছে। ইউনিয়ন ট্যাগ অফিসারদের উপস্থিত রেখে কম্বল বিতরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

১৬ **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১০৩টি ওরাশ ব্লক নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং ৬১টি বিদ্যালয়ের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ৫০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বেসিনসহ সাবমারসিবল পাম্প এবং ১১৪টি বিদ্যালয়ে টিউবয়েল স্থাপন করা হয়েছে।

উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।

উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)

১৭ <u>উপজেলা বনবিভাগঃ</u> ভারপ্রাপ্ত কর্মকর্তা, পঞ্চগড় এসএফএনটিসি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলমান রয়েছে। পঞ্চগড় সদর উপজেলায় সামাজিক বণায়নের মাধ্যমে সৃজিত মোলানী মোড় হতে বন বিভাগ অফিস হয়ে জ্বালাসী পর্যন্ত ২.০ কি:মি: স্ট্রীপ বাগানের মোলানী নামক স্থানে জনি এ্যাডভোকেট, পিতা- মোঃ হাবিবুর রহমান এর বাড়ীর প্রাচীর সংলগ্ন ১টি ঝুঁকিপূর্ণ মেহগনি গাছ অপসারনের জন্য আবেদন করেছেন। বাস্তবে উক্ত মেহগনি গাছটি ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে। যে কোন সময় ঝড় বাতাসে ভেঙ্গে বা উপড়াইয়া পড়ে জানমালের ক্ষয়-ক্ষতির সম্ভাবনা রয়েছে। তাই গাছটি অপসারণ করা প্রয়োজন। এছাড়াও বন বিভাগ অফিস চত্বরে প্রাচীর সংলগ্ন ২টি ইউক্যালিপ্টাস গাছ অতি ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

১) ফরেষ্ট রেঞ্জার, পঞ্চগড়-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।

২) বন বিভাগের প্রাচীর সংলগ্ন ঝুঁকিপূর্ণ ০১টি মেহগনি গাছ এবং ০২টি ইউক্যালিপ্টাস গাছ জরুরী ভিত্তিতে কর্তন/ অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ফরেষ্ট রেঞ্জার, পঞ্চগড়-কে অনুরোধ জানানো হয়।

ভারপ্রাপ্ত কর্মকর্তা, পঞ্চগড় এসএফএনটিসি

| | | | |
|---|---|---|---|
| ১৮ | **মহিলা বিষয়ক অধিদপ্তরঃ** উপপরিচালন (অঃদাঃ), মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড় সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি আরো জানান যে, মা ও শিশু কার্ডের তালিকা আগামী ২০/১২/২০২৪ তারিখের মধ্যে অনলাইনে দাখিল করা হবে। এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হবে।<br>প্রসঙ্গত, উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, অর্থের বিনিময়ে কোন ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্য মা ও শিশু কার্ডের তালিকা প্রণয়ন না করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | উপপরিচালন (অঃদাঃ), মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড়-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | উপপরিচালন, মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড় |
| ১৯ | **চেয়ারম্যান, অমরখানা ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, অমরখানা ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। | চেয়ারম্যান, অমরখানা ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান অমরখানা ইউপি |
| ২০ | **চেয়ারম্যান, হাফিজাবাদ ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, হাফিজাবাদ ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। | চেয়ারম্যান, হাফিজাবাদ ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান হাফিজাবাদ ইউপি |
| ২১ | **চেয়ারম্যান, পঞ্চগড় সদর ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, পঞ্চগড় সদর ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। | চেয়ারম্যান, পঞ্চগড় সদর ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান পঞ্চগড় সদর ইউপি |
| ২২ | **চেয়ারম্যান, কামাত কাজলদিঘী ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, কামাত কাজলদিঘী ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। | চেয়ারম্যান, কামাত-কাজরদিঘী ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান কামাত কাজলদিঘী ইউপি |
| ২৩ | **চেয়ারম্যান, চাকলাহাট ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, চাকলাহাট ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। | চেয়ারম্যান, চাকলাহাট ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান চাকলাহাট ইউপি |
| ২৪ | **চেয়ারম্যান, সাতমেরা ইউনিয়ন পরিষদ ঃ** চেয়ারম্যান, সাতমেরা ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। | চেয়ারম্যান, সাতমেরা ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান সাতমেরা ইউপি |
| ২৫ | **চেয়ারম্যান, হাড়িভাসা ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, হাড়িভাসা ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। অতঃপর তিনি ঘাগড়া পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠের জমি অধিগ্রহণ কল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। | চেয়ারম্যান, হাড়িভাসা ইউপি-কে তার ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান হাড়িভাসা ইউপি |
| ২৬ | **চেয়ারম্যান, ধাক্কামারা ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, ধাক্কামারা ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। | চেয়ারম্যান, ধাক্কামারা ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান ধাক্কামারা ইউপি |
| ২৭ | **চেয়ারম্যান, মাগুড়া ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, মাগুড়া ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। | চেয়ারম্যান, মাগুড়া ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান মাগুড়া ইউপি |
| ২৮ | **চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউনিয়ন পরিষদ ঃ** চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। | চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান গরিনাবাড়ী ইউপি |
| ২৯ | **উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ব্যয় অনুমোদন ঃ** সভাপতি জানান যে, নভেম্বর, ২০২৪ মাসে উপজেলা পরিষদ কার্যালয়ের জরুরী কাজে তাৎক্ষনিকভাবে নিষ্পত্তির লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্লোক্ত ব্যয় হয়েছে। | | |

| ক্রমিক | তারিখ | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| ০১ | ০৩/১১/২০২৪ | উপজেলা পরিষদে দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত কর্মচারীদের অক্টোবর/২০২৪ মাসের মজুরী বিল প্রদান | ৬৬,০০০/- |
| ০২ | ০৩/১১/২০২৪ | উপজেলা পরিষদ ও ইউএনও অফিসের অক্টোবর/২০২৪ মাসের ইন্টারনেট বিল প্রদান। | ৩,৩০০/- |
| ০৩ | ০৩/১১/২০২৪ | উপজেলা পরিষদের অক্টোবর/২০২৪ মাসের আনুষঙ্গি ব্যয় বিল প্রদান। | ৫,০০০/- |
| ০৪ | ০৩/১১/২০২৪ | প্রশাসক, উপজেলা পরিষদ এর আগসট/২৪ মাসের ১৩ দিন এবং সেপ্টেম্বর ও অক্টোবর/২৪ মাসের দারিত্ব ভাতা। | ৩,৬৫০/- |
| ০৫ | ০৪/১১/২০২৪ | উপজেলা পরিষদের ০৪টি আবাসিক ভবনের পানির পাম্বের ফেব্রুয়ারি/২৪ হতে অক্টোবর/২৪ পর্যন্ত ০৯ মাসের বিদ্যুৎ বিল প্রদান। | ৩৩,৮১৪/- |
| ০৬ | ০৭/১১/২০২৪ | উপজেলা পরিষদের বিভিন্ন সভার আপ্যায়নের ক্রোকারিজ ক্রয় বিল প্রদান। | ২৪,৬৫০/- |
| ০৭ | ০৭/১১/২০২৪ | উপজেলা পরিষদের বিভিন্ন সভার আপ্যায়নের ক্রোকারিজ ক্রয় বিল প্রদা। | ২৪,৩০০/- |
| ০৮ | ০৭/১১/২০২৪ | ইউএনও বাসভবনে ২,০০০ লিটারের পানির ট্যাংকি ক্রয় বিল প্রদান। | ২৪,০০০/- |
| ০৯ | ১০/১১/২০২৪ | ইউএনও বাসভবনের পানির ট্যাংকি স্থাপন ও পানির লাইন মেরামত কাজের বিল প্রদান। | ২৪,৩৭০/- |
| ১০ | ১০/১১/২০২৪ | উপজেলা পরিষদের জন্য ১টি প্রজেক্টর ও ২টি প্রিন্টার সরবরাহের চূড়ান্ত বিল প্রদান। | ১,৭৫,০০০/- |

| | | | |
|---|---|---|---|
| ১১ | ১০/১১/২০২৪ | উক্ত বিলের ৭.৫% ভ্যাট জমা প্রদান। | ১৫,০০০/- |
| ১২ | ১০/১১/২০২৪ | উক্ত বিলের ৫% আয়কর জমা প্রদান। | ১০,০০০/- |
| ১৩ | ১৩/১১/২০২৪ | উপজেলা পরিষদের নভেম্বর/২৪ মাসের সাধারণ সভাসহ অন্যান্য সভাসমূহের আপ্যায়ন বিল প্রদান। | ৩০,০০০/- |
| ১৪ | ১৪/১১/২০২৪ | উপজেলা পরিষদের জন্য ১টি কম্পিউটার টেবিল ক্রয় বিল প্রদান। | ২২,০০০/- |
| ১৫ | ১৭/১১/২০২৪ | উপজেলা পরিষদের ৩টি সেপ্টি ট্যাংকি পরিষ্কার ও মেরামত কাজের বিল প্রদান। | ২৪,০০০/- |
| ১৬ | ১৮/১১/২০২৪ | উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের জন্য ১টি পানির পাম্প ক্রয় বিল প্রদান। | ২৪,২০০/- |
| ১৭ | ২০/১১/২০২৪ | উপজেলা পরিষদ মেইন গেটের লাইন, তার, সেট ও এনসিবি লাগানো এবং মেরামতের বিল প্রদান। | ২২,৭৫০/- |
| ১৮ | ২১/১১/২০২৪ | উপজেলা পরিষদের সোভন চেয়ার মেরামত ও সোফা সেটের কভার পরিবর্তন বিল প্রদান। | ২৪,০০০/- |
| ১৯ | ২৪/১১/২০২৪ | উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত কাজের বিল প্রদান। | ২৩,০০০/- |

তিনি বলেন, যেহেতু উপজেলা পরিষদ কার্যালয়ের জরুরী কাজ তাৎক্ষনিকভাবে নিস্পত্তির লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপরোক্ত ব্যয় হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে উপরোক্ত ব্যয় অনুমোদন করা হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়-কে অনুরোধ জানানো হয়।

৩০ **বিবিধ (চ) ঃ এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন ও রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প গ্রহণ ঃ** সভায় জানানো হয় যে, পঞ্চগড় সদর উপজেলার সাতমেরা ইউনিয়নের মুক্তাঞ্চল পার্কে শিশুদের খেলাধুলার সামগ্রী স্থাপন এবং বালুর বস্তা দিয়ে গাইড ওয়াল নির্মাণ, পঞ্চগড় সদর উপজেলার ১০টি ইউনিয়নের সমন্বয়ে গ্রামীণ খেলাধুলা আয়োজন, উপজেলা পরিষদ ফুলবাগানের অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ, বিভিন্ন কৃষক সমবায় সমিতিতে স্টিল আলমারী বিতরণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্টিল আলমারী বিতরণ, সাতমেরা ইউনিয়নের মুক্তাঞ্চল পার্কে টয়লেট ও টিউবওয়েল নির্মাণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হোয়াইট বোর্ড বিতরণ এবং গরীব কৃষকদের মাঝে স্প্রে মেশিন বিতরণ করা জরুরী। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত কাজগুলো জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে নিম্নোক্ত প্রকল্প গ্রহণের অনুরোধ জানান।

**উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়নযোগ্য প্রকল্পঃ**

| ক্রমিক | প্রকল্পে নাম | প্রাক্কলিত মূল্য | প্রকল্প কমিটি | |
|---|---|---|---|---|
| ০১ | পঞ্চগড় সদর উপজেলার সাতমেরা ইউনিয়নের মুক্তাঞ্চল পার্কে শিশুদের খেলাধুলার সামগ্রী (দোলনা, স্লিপার ও ঢেকি) স্থাপন এবং বালির বস্তা দিয়ে গাইড ওয়াল নির্মাণ প্রকল্প। | ২,০০,০০০/- | ১) মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, সাতমেরা ইউপি | প্রঃ চেয়ারম্যান |
| | | | ২) মোঃ মিন্টু কামাল, ইউপি সদস্য, সাতমেরা ইউপি | সদস্য |
| | | | ৩) মোঃ নাজির হোসেন, ইউপি সদস্য, অমরখানা ইউপি | সদস্য |
| | | | ৪) মোঃ আইবুল হক, ইউপি সদস্য অমরখানা ইউপি | সদস্য |
| | | | ৫) মোঃ মোস্তাফিজুর রহমান, ইউপি সদস্য, পঞ্চগড় সদর | সদস্য |
| ০২ | পঞ্চগড় সদর উপজেলার ০৫টি ইউনিয়নের (অমরখানা, হাফিজাবাদ, পঞ্চগড় সদর, কামাত কাজলদিঘী ও চাকলাহাট ইউপি) সমন্বয়ে গ্রামীণ খেলাধুলার আয়োজন প্রকল্প। | ২,০০,০০০/- | ১) মোঃ আল ইমরান খান, চেয়ারম্যান, পঞ্চগড় সদর ইউপি | প্রঃ চেয়ারম্যান |
| | | | ২) মোঃ মোস্তাফিজুর রহমান, ইউপি সদস্য, পঞ্চগড় সদর | সদস্য |
| | | | ৩) মোঃ সৈয়দ আলী, ইউপি সদস্য, হাফিজাবাদ ইউপি | সদস্য |
| | | | ৪) মোঃ নাজির হোসেন, ইউপি সদস্য, অমরখানা ইউপি | সদস্য |
| | | | ৫) মোঃ ফরিদ হোসেন, ইউপি সদস্য, কামাত কাজলদিঘী ইউপি | সদস্য |
| ০৩ | পঞ্চগড় সদর উপজেলার ০৫টি ইউনিয়নের (সাতমেরা, হাড়িভাসা, ধাক্কামারা, মাগুড়া ও গরিনাবাড়ী ইউপি) সমন্বয়ে গ্রামীণ খেলাধুলার আয়োজন প্রকল্প। | ২,০০,০০০/- | ১) মোঃ মনোয়ার হোসেন দিপু, চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউপি | প্রঃ চেয়ারম্যান |
| | | | ২) মোঃ মিন্টু কামাল, ইউপি সদস্য, সাতমেরা ইউপি | সদস্য |
| | | | ৩) মোঃ সহিদুল ইসলাম, ইউপি সদস্য, ধাক্কামারা ইউপি | সদস্য |
| | | | ৪) ছতিষ চন্দ্র রায়, ইউপি সদস্য, মাগুড়া ইউপি | সদস্য |
| | | | ৫) মোছাঃ মালেকা আক্তার, ইউপি সদস্য, গরিনাবাড়ী ইউপি | সদস্য |
| ০৪ | পঞ্চগড় সদর উপজেলা পরিষদ ফুলবাগানের অভ্যন্তরীন রাস্তা নির্মাণ প্রকল্প। | ২,০০,০০০/- | ১) মোঃ আল ইমরান খান, চেয়ারম্যান, পঞ্চগড় সদর ইউপি | প্রঃ চেয়ারম্যান |
| | | | ২) মোঃ আব্দুর রশিদ, প্রশাসিক কর্মকর্তা, ইউএনও অফিস, পঞ্চগড় সদর | সদস্য |
| | | | ৩) কৃষ্ণ চন্দ্র রায়, উপ-সহকারী প্রকৌশলী, পঞ্চগড় সদর, পঞ্চগড় | সদস্য |
| | | | ৪) মোঃ জয়নাল আবেদীন, ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ | সদস্য |
| | | | ৫) মোঃ সফিকুল ইসলাম, মুয়াজ্জিন, উপজেলা পরিষদ জামে মসজিদ | সদস্য |
| ০৫ | পঞ্চগড় সদর উপজেলার অমরখানা, হাফিজাবাদ, পঞ্চগড় সদর, কামাত কাজলদিঘী ও চাকলাহাট ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হোয়াইট বোর্ড ও মার্কার পেন সরবরাহকরণ প্রকল্প। | ২,০০,০০০/- | ১) মোঃ ইসমাইল হোসেন, চেয়ারম্যান, হাফিজাবাদ ইউপি | প্রঃ চেয়ারম্যান |
| | | | ২) মোঃ মোস্তাফিজুর রহমান, ইউপি সদস্য, পঞ্চগড় সদর ইউপি, | সদস্য |
| | | | ৩) মোঃ সৈয়দ আলী, ইউপি সদস্য, হাফিজাবাদ ইউপি | সদস্য |
| | | | ৪) মোঃ মহন আলী, ইউপি সদস্য, কামাত কাজলদিঘী ইউপি | সদস্য |
| | | | ৫) মোঃ জসিম উদ্দীন, ইউপি সদস্য, চাকলাহাট ইউপি | সদস্য |
| ০৬ | পঞ্চগড় সদর উপজেলার সাতমেরা, হাড়িভাসা, ধাক্কামারা, মাগুড়া ও গরিনাবাড়ী ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হোয়াইট বোর্ড ও মার্কার পেন সরবরাহকরণ প্রকল্প। | ২,০০,০০০/- | ১) মোঃ সাইয়েদ নুর-ই-আলম, চেয়ারম্যান, হাড়িভাসা ইউপি | প্রঃ চেয়ারম্যান |
| | | | ২) মোঃ তোফায়েল প্রধান, চেয়ারম্যান, কামাত কাজলদিঘী ইউপি, | সদস্য |
| | | | ৩) মোঃ ইসমাইল হোসেন, চেয়ারম্যান, হাফিজাবাদ ইউপি | সদস্য |
| | | | ৪) মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, চাকলাহাট ইউপি | সদস্য |
| | | | ৫) মোঃ মনোয়ার হোসেন দিপু, চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউপি | সদস্য |
| ০৭ | পঞ্চগড় সদর উপজেলার গরীব কৃষকদের মাঝে ডিজিটাল স্প্রে মেশিন বিতরণ প্রকল্প। | ২,০০,০০০/- | ১) মোঃ মোস্তাফিজুর রহমান, ইউপি সদস্য, পঞ্চগড় সদর ইউপি | প্রঃ চেয়ারম্যান |
| | | | ২) মোঃ মিন্টু কামাল, ইউপি সদস্য, সাতমেরা ইউপি, | সদস্য |
| | | | ৩) মোঃ সহিদুল ইসলাম, ইউপি সদস্য, ধাক্কামারা ইউপি | সদস্য |
| | | | ৪) মোঃ আইবুল হক, ইউপি সদস্য, সাতমেরা ইউপি | সদস্য |
| | | | ৫) মোঃ ফরিদ হোসেন, ইউপি সদস্য, কামাত কাজলদিঘী ইউপি | সদস্য |
| ০৮ | পঞ্চগড় সদর উপজেলার অমরখানা, হাফিজাবাদ, পঞ্চগড় সদর, কামাত কাজলদিঘী ও চাকলাহাট ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ঘড়ি বিতরণ প্রকল্প। | ২,০০,০০০/- | ১) মোছাঃ সখিনা বেগম, ইউপি সদস্য, অমরখানা ইউপি | প্রঃ চেয়ারম্যান |
| | | | ২) মোঃ মোস্তাফিজুর রহমান, ইউপি সদস্য, পঞ্চগড় সদর | সদস্য |
| | | | ৩) মোঃ সৈয়দ আলী, ইউপি সদস্য, হাফিজাবাদ ইউপি | সদস্য |
| | | | ৪) মোঃ নাজির হোসেন, ইউপি সদস্য, অমরখানা ইউপি | সদস্য |
| | | | ৫) মোঃ ফরিদ হোসেন, ইউপি সদস্য, কামাত কাজলদিঘী ইউপি | সদস্য |
| ০৯ | পঞ্চগড় সদর উপজেলার সাতমেরা, হাড়িভাসা, ধাক্কামারা, মাগুড়া ও গরিনাবাড়ী ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ঘড়ি বিতরণ প্রকল্প। | ২,০০,০০০/- | ১) মোঃ আজিজার রহমান সরকার, প্যানেল চেয়ারম্যান, মাগুড়া ইউপি | প্রঃ চেয়ারম্যান |
| | | | ২) মোঃ মিন্টু কামাল, ইউপি সদস্য, সাতমেরা ইউপি | সদস্য |
| | | | ৩) মোঃ সহিদুল ইসলাম, ইউপি সদস্য, ধাক্কামারা ইউপি | সদস্য |
| | | | ৪) মোঃ জহিরুল ইসলা, প্রধান শিক্ষক, রাজনগড় বালিকা উচ্চ বিদ্যালয় | সদস্য |
| | | | ৫) মোঃ জয়নাল আবেদীন, ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ | সদস্য |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | পঞ্চগড় সদর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের আসবাবপত্র সরবরাহ প্রকল্প। | ২,০০,০০০/- | ১। মোহম্মদ গোলাম রাব্বানি প্রধান, ইউপি সদস্য, মাগুড়া ইউপি<br>২। মোছাঃ খুতেজা বেগম, ইউপি সদস্য<br>৩। নির্মল চন্দ্র রায়, আনসার ভিডিপি সদস্য<br>৪। মোঃ হামিদুল ইসলাম, গণ্যমান্য ব্যক্তি<br>৫। মোঃ ইসাহাক আলী, বীর মুক্তিযোদ্ধা | প্রঃ চেয়ারম্যান<br>সচিব<br>সদস্য<br>সদস্য<br>সদস্য |

**রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নযোগ্য প্রকল্পঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ শাপলা, সূর্য্যমূখী ও হাসনাহেনা কোয়াটার মেরামতকরণ প্রকল্প। | ২,০০,০০০/- | ১) জ্যোতিষ চন্দ্র রায়, চেয়ারম্যান, মাগুড়া ইউপি<br>২) মোঃ সহিদুল ইসলাম, ইউপি সদস্য, ধাক্কামারা ইউপি<br>৩) মোঃ মিন্টু কামাল, ইউপি সদস্য, সাতমেরা ইউপি<br>৪) মোঃ জাহের আলী, ইউপি সদস্য, ধাক্কামারা ইউপি<br>৫) মোঃ জয়নাল আবেদীন, ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ | প্রঃ চেয়ারম্যান<br>সদস্য<br>সদস্য<br>সদস্য<br>সদস্য |
| ০২ | পঞ্চগড় সদর উপজেলার গরীব, দুঃস্থ্য ও অসহায় ব্যক্তিদের মাঝে শীতবস্ত্র বিতরণ প্রকল্প (রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত)। | ২,০০,০০০/- | ১) মোঃ মিন্টু কামাল, ইউপি সদস্য, সাতমেরা ইউপি<br>২) মোঃ মোস্তাফিজুর রহমান, ইউপি সদস্য, পঞ্চগড় সদর ইউপি<br>৩) মোঃ সহিদুল ইসলাম, ইউপি সদস্য, ধাক্কামারা ইউপি<br>৪) মোঃ আইবুল হক, ইউপি সদস্য অমরখানা ইউপি<br>৫) মোঃ ফরিদ হোসেন, ইউপি সদস্য, কামাত কাজলদিঘী ইউপি | প্রঃ চেয়ারম্যান<br>সদস্যয<br>সদস্য<br>সদস্য<br>সদস্য |

উপরোক্ত প্রকল্পটি প্রকল্প কমিটিকে দ্রুত বাস্তবায়নের জন্য সভার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | |
|---|---|---|---|
| ৩১ | **প্রশাসক, উপজেলা পরিষদ ঃ** প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের অনুরোধ জানান।<br>বাংলাদেশে সারের কোন সংকট নেই। কোন ব্যবসায়ী সার মজুদ রেখে দাম বৃদ্ধি করলে আমাদেরকে জানালে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। বিষয়টি বহুল প্রচারের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>জন্ম নিবন্ধন কার্যক্রম সঠিকভাবে হওয়ায় সকল ইউপি চেয়ারম্যানগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। | ১) সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানানো হয়।<br><br>২) কোন ব্যবসায়ী সার মজুদ রেখে দাম বৃদ্ধি করলে তাৎক্ষণিক উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | ১) সকল দপ্তর প্রধান ও ইউপি চেয়ারম্যানগণ<br><br>২) সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকল |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/১২/২৪

(মোঃ জাকির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
পঞ্চগড় সদর, পঞ্চগড়

## উপজেলা পরিষদ

**পঞ্চগড় সদর, পঞ্চগড়**

স্মারক নং- ০৫.৪৭.৭৭৭৩.০০০.০৬.০০৩.২২-১০৫৬

তারিখ ঃ ২৭ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ / ১২ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য ঃ**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, পঞ্চগড়।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার,পঞ্চগড়।

**অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ**

০১। উপজেলা........................................ অফিসার (সকল),পঞ্চগড় সদর।
০২। চেয়ারম্যান.................................... ইউপি (সকল),পঞ্চগড় সদর।

১৫/১২/২৪

(মোঃ জাকির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
পঞ্চগড় সদর, পঞ্চগড়
☏০২৫৮৯৯৪২০৩২
e-mail:unopanchagarh@mopa.gov.bd

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (পরিশিষ্ট "ক") (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | নাম/পদবী | স্বাক্ষরিত/- |
|---|---|---|
| ০১। | চেয়ারম্যান, অমরখানা ইউপি, পঞ্চগড় সদর | ,, |
| ০২। | চেয়ারম্যান, হাফিজাবাদ ইউপি, পঞ্চগড় সদর | ,, |
| ০৩। | চেয়ারম্যান, পঞ্চগড় সদর ইউপি, পঞ্চগড় | ,, |
| ০৪। | চেয়ারম্যান, কামাত কাজলদিঘী , পঞ্চগড় সদর | ,, |
| ০৫। | চেয়ারম্যান, চাকলাহাট ইউপি ইউপি, পঞ্চগড় সদর | ,, |
| ০৬। | চেয়ারম্যান, সাতমেরা ইউপি, পঞ্চগড় সদর | ,, |
| ০৭। | চেয়ারম্যান, হাড়িভাসা ইউপি, পঞ্চগড় সদর | ,, |
| ০৮। | চেয়ারম্যান, ধাক্কামারা ইউপি, পঞ্চগড় সদর | ,, |
| ০৯। | চেয়ারম্যান, মাগুড়া ইউপি, পঞ্চগড় সদর | ,, |
| ১০। | চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউপি, পঞ্চগড় সদর | ,, |

## সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (পরিশিষ্ট "খ") (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | নাম/পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর | স্বাক্ষরিত |
| ০২। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, পঞ্চগড় সদর | ,, |
| ০৩। | উপজেলা কৃষি অফিসার, পঞ্চগড় সদর | ,, |
| ০৪। | উপজেলা প্রাণীসম্পদ অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগ | ,, |
| ০৫। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পঞ্চগড় সদর, পঞ্চগড় | ,, |
| ০৬। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | ,, |
| ০৭। | উপজেলা প্রকৌশলী, পঞ্চগড় সদর,পঞ্চগড় | ,, |
| ০৮। | উপজেলা সমাজসেবা অফিসার, পঞ্চগড় সদর | ,, |
| ০৯। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,পঞ্চগড় সদর,পঞ্চগড় | ,, |
| ১০। | উপজেলা শিক্ষা অফিসার, পঞ্চগড় সদর | ,, |
| ১১। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পঞ্চগড় সদর | ,, |
| ১২। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,পঞ্চগড় সদর | ,, |
| ১৩। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, পঞ্চগড় সদর | ,, |
| ১৪। | উপজেলা সমবায় অফিসার, পঞ্চগড় সদর | ,, |
| ১৫। | উপঃ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), পঞ্চগড় সদর,পঞ্চগড় | ,, |

## সভায় অনুপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (পরিশিষ্ট "গ")

| ক্রমিক নং | নাম/পদবী |
|---|---|